

‘যুবদের জাগরণ, বাংলাদেশের উন্নয়ন’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd

২০ ফাল্গুন, ১৪২৪

তারিখ : -----

০৪ মার্চ, ২০১৮

স্মারকনং- ৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৬৩.২০১৭-৪৯

বিষয় : ২০১৭-২০১৮ অর্থবছরে যুবসংগঠনসমূহের মাঝে অনুদান প্রদানের লক্ষ্যে চাহিত সংগঠনের প্রস্তাব প্রেরণ না করার কারণ ব্যাখ্যাসহ ০৬ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে প্রস্তাব প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের অনুন্নয়ন খাত থেকে যুবসংগঠনসমূহের মধ্যে অনুদান প্রদানের লক্ষ্যে ১৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে প্রস্তাব প্রেরণের জন্য অত্র কার্যালয়ের ০৭ ডিসেম্বর, ২০১৭ তারিখের ৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৬৩.১৭-১১৪৬ স্মারকমূলে নির্দেশনা দেয়া হয়েছিল। প্রধান কার্যালয়ে গত ২৯ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) সংক্রান্ত ২য় ত্রৈমাসিক সভাতেও বিষয়টি নিয়ে আলোচনা হয়েছিল। এ প্রেক্ষিতে ৫৩টি জেলা কার্যালয় হতে প্রস্তাব পাওয়া গেলেও অদ্যাবধি নিম্নোক্ত ১১টি জেলা হতে প্রস্তাব পাওয়া যায়নি :

“ ফরিদপুর, কিশোরগঞ্জ, বি-বাড়ীয়া, লক্ষীপুর, সাতক্ষীরা, সিলেট, বরিশাল, বরগুনা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, গাইবান্ধা ”

০২। উল্লেখ্য, মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর এর সাথে জেলা কার্যালয়ের উপ-পরিচালকের মধ্যে স্বাক্ষরিত ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সংশ্লিষ্ট কার্যক্রমটি অন্তর্ভুক্ত। এ ক্ষেত্রে চুক্তি স্বাক্ষরকারী পক্ষ হিসেবে তাঁর এধরণের কার্যক্রম সুষ্ঠু অফিস পরিচালনা ও সরকারী কার্যক্রমের গতিশীলতা আনয়নের ক্ষেত্রে প্রতিবন্ধক। এতদ্ব্যতীত, তা দায়িত্ব কর্তব্য পালনে অদক্ষতা ও উদাসীনতার পরিচায়ক।

০৩। এমতাবস্থায়, ধার্যকৃত সময়ের মধ্যে প্রস্তাব না প্রেরণের কারণ ব্যাখ্যাসহ আগামী ০৬ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে কোনরূপ ব্যর্থতা ছাড়াই প্রস্তাব প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরি।



(মোঃ আনোয়ার হোসেন)

মহাপরিচালক

ফোন : ০২-৯৫৫৯৩৮৯

E-mail: dg@dyd.gov.bd

প্রাপক :

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, ফরিদপুর/কিশোরগঞ্জ/বি-বাড়ীয়া/লক্ষীপুর/সাতক্ষীরা/সিলেট/বরিশাল/বরগুনা/ ঠাকুরগাঁও /পঞ্চগড় ও গাইবান্ধা জেলা।

বিতরণ :

- ০১। জেলা প্রশাসক, ফরিদপুর/কিশোরগঞ্জ/বি-বাড়ীয়া/লক্ষীপুর/সাতক্ষীরা/সিলেট/বরিশাল/বরগুনা/ ঠাকুরগাঁও /পঞ্চগড় ও গাইবান্ধা জেলা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অফিস কপি।